

অভিভাবক ও কমিউনিটির সংশ্লিষ্টতার অফিস

DPS বিশ্বাস করে যে শিক্ষার্থীদের অর্জন বৃদ্ধিতে সক্রিয়ভাবে জড়িত অভিভাবক থাকা গুরুত্বপূর্ণ। আমাদের DPS-কে অভিভাবকের সংশ্লিষ্টতার গতি বৃদ্ধিতে সহায়তার জন্য গৃহীত অভিভাবক ও কমিউনিটির সংশ্লিষ্টতার উদ্যোগসমূহের অন্তর্ভুক্ত প্রশিক্ষণের ক্যাম্পসমূহ; যা অভিভাবকস্ব, বিনোদন এবং চিত্তাকর্ষক কর্মশালা, স্বেচ্ছাসেবক সমন্বয় এবং আরো অনেক কিছুতে ফোকাস করে।



THANK YOU!

অন্তর্বর্তীকালীন তত্ত্বাবধায়ক
Alycia Meriweather

উপ-নির্বাহী পরিচালক
Monica Johnson

স্বেচ্ছাসেবকদের নির্দেশিকা

অভিভাবক ও কমিউনিটির সংশ্লিষ্টতার অফিস

DC Prep @ Northwestern
Professional Development Bld.
2200 W. Grand Boulevard
Detroit, MI 48208
Tel: 313-873-7490

ই-মেইল: parent.engagement@detroitk12.org

ডেউয়েট পাবলিক স্কুল (DPSCD) স্বীকার করে যে কমিউনিটির স্বেচ্ছাসেবকদের সেবাসমূহ স্কুল ডিস্ট্রিক্ট ও কমিউনিটির মধ্যকার সম্পর্ক আরও ভালো করার পাশাপাশি শিক্ষাগত অভিজ্ঞতাকে সমৃদ্ধ করতে এবং স্কুল কমিউনিটিকে সহায়তা করতে পারে, যা শেষ পর্যন্ত শিক্ষার্থীর অর্জন ও পারফরম্যান্সকে ভাল করবে।

স্বেচ্ছাসেবকদের মানদণ্ড ও নির্দেশিকা

নিম্নোক্ত নির্দেশিকাসমূহ স্কুল স্বেচ্ছাসেবকদের সেবাগুলোকে পরিচালিত করবে:

- স্বেচ্ছাসেবকরা কেবলমাত্র স্কুল প্রশাসক এবং/অথবা কর্মকর্তাদের নির্দেশনা ও তত্ত্বাবধানে সেবাদান করবে।
- স্বেচ্ছাসেবকদের স্পষ্টভাবে তাদের দায়িত্ব ও কর্তব্যসমূহ বুঝতে হবে।
- স্বেচ্ছাসেবকরা কেবলমাত্র সহায়তা হিসাবে সেবাদান করবে।
- স্বেচ্ছাসেবকদের কমিউনিটির নিজস্বতা, মর্যাদা. এবং গুরুত্বকে সম্মান করতে হবে।
- স্বেচ্ছাসেবকদের স্কুলের শিক্ষার্থীদের রেকর্ডসমূহে প্রবেশের অনুমতি নেই।
- স্বেচ্ছাসেবকদের তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবশ্যই স্কুলের প্রশাসকের সাথে পরামর্শ করতে হবে।
- স্বেচ্ছাসেবকদের কাছ থেকে আশা করা হবে যাতে তারা তাদের সময়কে ট্র্যাক করে ও প্রদানকৃত কর্মকাণ্ডগুলোকে সংক্ষিপ্ত করে।
- স্বেচ্ছাসেবকরা DPSCD থেকে কোনোপ্রকার আর্থিক প্রতিদান গ্রহণ করবে না।

স্বেচ্ছাসেবক স্ক্রীনিং:

শিক্ষার্থীদের নিরাপত্তা ডিস্ট্রিক্টের শীর্ষ অগ্রাধিকারগুলোর মধ্যে একটি এবং শিক্ষার্থী ও স্কুল যে নিরাপদ তা নিশ্চিত করতে প্রতিটি আগাম সতর্কতা গ্রহণ করতে হবে। সুতরাং, সকল স্বেচ্ছাসেবীকেই স্ক্রিনিংয়ের মধ্য দিয়ে যেতে হবে।

অভিভাবক স্বেচ্ছাসেবক হবার প্রক্রিয়া

- সকল স্বেচ্ছাসেবকদের স্থানীয় স্কুলের অধ্যক্ষ/মনোনীত ব্যক্তির সাথে দেখা করতে হবে এবং একটি কর্মকাণ্ডে একমত হতে হবে।
- স্বেচ্ছাসেবক(দের) অবশ্যই **অভিভাবক স্বেচ্ছাসেবক হবার আগ্রহ আবেদন, স্বত্বত্যাগ, এবং অভিভাবক স্বেচ্ছাসেবক ব্যাকগ্রাউন্ড চেক ফর্ম** সম্পূর্ণ করতে হবে।
- **অনুম্মারক: অধ্যক্ষকে অবশ্যই আবেদনটি স্বাক্ষর করতে হবে।**
- আবেদনটিকে **সরকারপ্রদত্ত পরিচয়পত্রসহের একটি কপি** সহ সরাসরি **অভিভাবক ও কমিউনিটির সংশ্লিষ্টতার অফিসে** জমা দিতে হবে। অফিস একটি ব্যাকগ্রাউন্ড স্ক্রীনিং (বিনামূল্যে) করবে এবং ডিস্ট্রিক্টের সকল স্বেচ্ছাসেবকদের একটি রেকর্ড রাখবে।
- সকল ডকুমেন্ট আর ডকুমেন্টের প্রতিলিপিকে অবশ্যই **তথ্য আইনের গোপনীয়তাকে মেনে চলাতে গোপনীয় ও নিরাপদ** রাখতে হবে। আমাদের এই আবেদনগুলোকেও DPSCD-এর অন্য সকল গোপনীয় ডকুমেন্টের মত মনে করতে হবে।
- সকল আবেদনকারীকে একটি “স্বেচ্ছাসেবক রিলিজ ও দায় মওকুফ ফর্ম” সম্পূর্ণ করতে হবে। এই ফর্মটিকে অবশ্যই স্বেচ্ছাসেবক আবেদনের সঙ্গে রাখতে হবে।

অপরাধীর ব্যাকগ্রাউন্ড -এর প্রাথমিক যাচাই

সকল আবেদনকারীকে প্রাথমিক ব্যাকগ্রাউন্ড যাচাই কার্যক্রমের মধ্যে দিয়ে যেতে হবে।

শিক্ষার্থীর সাথে অসম্পর্কিত কার্যক্রমে কোনো স্কুলে স্বেচ্ছাসেবা দিতে ইচ্ছুক আবেদনকারীদের একটি অপরাধ ইতিহাস পর্যালোচনার মধ্যে দিয়ে যেতে হবে, যার মধ্যে থাকতে পারে: অফেন্ডার ট্রাফিক ইনফোরমেশন সিস্টেম (OTIS) ও সেক্স অফেন্ডার রেজিস্ট্রি ব্যাকগ্রাউন্ড পরীক্ষা যা DPSCD বিনামূল্যে করে থাকে।

শিক্ষার্থীদের সাথে সরাসরি কাজে স্বেচ্ছাসেবা দিতে আগ্রহী আবেদনকারীদের অবশ্যই DPSCD অংশীদারিত্ব নির্দেশিকা মেনে চলতে হবে এবং তাদের আঙ্গুলের ছাপ নিতে হবে। \$65.00 মূল্যমানের মাশুল কেটে নেয়া হবে।

- যেসব আবেদনকারী স্বেচ্ছাসেবার জন্য বিবেচিত নন, তাদেরকে লিখিতভাবে জানানো হবে।
- আবেদনকারীদের একটি চিহ্নিতকরণ ফর্ম দাখিল করতে হবে।

যেকোনো স্বেচ্ছাসেবার আবেদনপত্র প্রত্যখ্যান করার অধিকার DPSCD সংরক্ষণ করে।

আরো তথ্যের জন্য, দয়া করে যোগাযোগ করুন:

Office of Parent and Community Engagement
DC Prep @ Northwestern
Professional Development Bld.
2200 W. Grand Blvd.
Detroit, MI 48208

টেলিফোন: 313-873-7490 ~ ফ্যাক্স: 313-873-7446

ইমেইল: parent.engagement@detroitk12.org